

## নৌপরিবহন প্রতিমন্ত্রীর সাথে নৌবাহিনী প্রধান এর সাক্ষাত

ঢাকা, ২৪ জানুয়ারি ২০২৪;

নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরীর সাথে আজ সচিবালয়ে তাঁর অফিস কক্ষে নৌবাহিনী প্রধান এডমিরাল এম নাজমুল হাসান সৌজন্য সাক্ষাত করেন।

সাক্ষাত শেষে নৌপরিবহন প্রতিমন্ত্রী জানান, তাঁর মন্ত্রণালয়ধীন বিভিন্ন সংস্থায় নৌবাহিনীর উর্ধ্বতন কর্মকর্তারা সংযুক্ত আছেন। সেখানে তারা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছেন। তাদের এসব ভূমিকা আরো জোরদার করার পাশাপাশি এর পরিধি বাড়ানোর বিষয়ে আলোচনা হয়েছে।

এছাড়া সমুদ্র সীমার নিরাপত্তার ব্যাপারে নৌবাহিনীর বিভিন্ন কার্যক্রমের বিষয়ে আলোচনা হয়েছে। দেশে এখন প্রচুর জাহাজ নির্মাণ হচ্ছে এবং বাংলাদেশে তৈরি জাহাজের চাহিদা বিদেশেও রয়েছে। নৌবাহিনীর আওতাধীন বিভিন্ন শিপইয়ার্ড ও ডকইয়ার্ডে উন্নতমানের জাহাজসহ অন্যান্য নৌযান নির্মিত হচ্ছে। এসব কাজের বিষয় তাদের মধ্যে আলোচনা হয়।

খালিদ মাহমুদ চৌধুরী বলেন, নতুন সরকার স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে আওয়ামী লীগের দেয়া ইশতেহার অনুযায়ী কাজ করবে এবং এ বিষয়ে কিভাবে নৌখাতের অগ্রগতি করা যায় নৌ বাহিনী প্রধানকে তিনি এ বিষয়ে অবহিত করেছেন।

স্বাক্ষরিত/-

মো. জাহাঙ্গীর আলম খান

সিনিয়র তথ্য অফিসার

নৌপরিবহন মন্ত্রণালয়

০১৭১১-৪২৫৩৬৪